ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫১০
মোহনপুর, ৩ মে, ২০২৫

**প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ)**
**লেফুঙ্গা ব্লকে ২,৬৮৮টি পাকা ঘরের নির্মাণ কাজ সম্পন্ন**

গত অর্থবছরে প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) লেফুঙ্গা ব্লকে মোট ২,৭৩৫ জন সুবিধাভোগীকে পাকা ঘর নির্মাণ করে দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। ইতিমধ্যেই ২,৬৮৮টি পাকা ঘরের নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ঘর নির্মাণের কাজ চলছে। ২,৭৩৫ জন সুবিধাভোগীর মধ্যে ২৭৩৫ জন প্রথম কিস্তির টাকা পেয়েছেন। দ্বিতীয় কিস্তির টাকা পেয়েছেন ২,৭০০ জন এবং তৃতীয় কিস্তির টাকা পেয়েছেন ২,৬৭১ জন। প্রতিটি পাকা ঘর নির্মাণে ১ লক্ষ ৫০ হাজার টাকা করে ব্যয় হচ্ছে। লেফুঙ্গা ব্লকের অতিরিক্ত বিডিও রাজেন্দ্র ত্রিপুরা এই সংবাদ জানান।

*****